দৈনিক বাংলা 023

তারিখ ... 23.8.85 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... | ...

# মলাট বাঁধাই এবং বই

পাঠ্যবই যাতে বেশীদিন টেকসই হয়, সেজন্যে কর্তৃপক্ষ কিছু পদক্ষেপ গ্রহণ করছেন বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। পাঠ্যবইয়ের শক্ত মলাট এবং ভাল বাঁধাইয়ের ব্যবস্থা করা হবে এখন থেকে।

নিঃসন্দেহে সুসংবাদ। এর ফলে পাঠ্যবইসংক্রান্ত সংকটও কিছুটা কমতে পারে। ইতিপূর্বে যেসব বই টেক্সট বুক বোর্ড সরবরাহ করত, তার মলাট এবং বাঁধাই কোনটাই উন্নত মানের ছিল না। ফলে সারা বছর এক বই দিয়ে চালানো কষ্টকর ছিল। বিশেষ করে, নীচু ক্লাসের অল্প-বয়স্ক ছেলেমেয়েরা মুশকিলে পড়ত। তাদের হাতে বই-গুলি খুব তাড়াতাড়ি নষ্ট হয়। কিন্তু একাধিকবার বই লাগলে, বইয়ের সরবরাহও বাড়াতে হয়। তেমন কোন ব্যবস্থা যখন নেই, তখন টেকসই বই ছাপানোই যে সঠিক সিদ্ধান্ত, এতে কোন দ্বিমত নেই।

বইয়ের মলাট এবং বাঁধাই উন্নত মানের হবে এ খুব ভাল কথা। তবে বইয়ের ব্যাপারে শেষ কথা নয় নিশ্চয়ই। বিশেষ করে টেক্সট বুক বোর্ডের সরবরাহ করা বই সম্পর্কে যখন অন্য অভিযোগও রয়েছে, তখন কর্তৃপক্ষকে বইয়ের ব্যাপারে আরো কিছু পদক্ষেপ গ্রহণ করতে হবে বলে আমরা মনে করি।

ছোটদের পাঠ্যবইয়ে নানারকম ভুলভ্রান্তি আছে। বানান ভুল তো আছেই, বিষয়বস্তুতে গোঁজামিল আছে অনেক বইয়ে। ছোটদের জন্যে এরকম ভুল মারাত্মক ক্ষতির কারণ নিশ্চয়ই। আমাদের দেশের পাঠ্যবইয়ের মান নীচু বলে শিক্ষার ভিত দুর্বল হচ্ছে। ছেলেমেয়েরা ভাল শিখছে না তাই বলব, শুধু ভালো মলাটই নয়, ভালো বাঁধাইও নয়, বইয়ের মান যাতে উন্নত হয়, সেদিকে কর্তৃপক্ষের মনো-যোগী হওয়া দরকার।